

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩  
“পল্লী ভবন”  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
Web: www.prdp-brdb.gov.bd



মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.১১.০৪৩.১৬-৭৯৪

তারিখ: ০১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ  
১৫ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

জনাব মো: ইমরান কবির  
ইউডিও (সাময়িক বরখাস্তকৃত), জেলা দপ্তর বরিশাল এ সংযুক্ত  
ও প্রাক্তন ইউডিও, কাঁঠালিয়া, ঝালকাঠি।

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মো: ইমরান কবির, ইউডিও (সাময়িক বরখাস্তকৃত), জেলা দপ্তর বরিশাল এ সংযুক্ত (প্রাক্তন ইউডিও, কাঁঠালিয়া, ঝালকাঠি) আপনার উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোটেই মানছেন না এবং আপনি দায়িত্ব পালনে চরম অবহেলা ও স্বেচ্ছাচারিতা করছেন। আপনি নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে হুমকি প্রদান ও শারীরিকভাবে লাঞ্চিত করেছেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে এহেন কর্মকান্ড অসদাচরণ ও চাকুরী শৃঙ্খলা পরিপন্থী।

২। আপনার বিরুদ্ধে দাপ্তরিক কাজে শৈথিল্য, কর্তব্য পালনে অবহেলা, নিয়মিত ভিডিসিএম ও ইউসিসিএম অনুষ্ঠান এবং স্কীম বাস্তবায়ন না করা, নির্ধারিত সময়ে অফিসে আগমন ও অবস্থান না করা, হিসাব বিভাগের কাজ হিসাব বিভাগকে বুঝিয়ে না দেয়া, নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আইটি পরিশোধ না করা, হিসাব রক্ষকের উপস্থিতিতে সঠিক সময়ে বিল-ভাউচার দাখিল না করে অন্য সময় তা দাখিল করে ইউআরডিও'কে বিল প্রদানের জন্য চাপ প্রদান প্রভৃতি অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে। বর্ণিত কার্যক্রমের মাধ্যমে আপনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য, চাকুরী শৃঙ্খলা বিনষ্ট এবং দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করেছেন।

৩। আপনাকে বরিশাল জেলা দপ্তরে বদলীপূর্বক সংযুক্ত করা হলেও আপনি সেখানে যোগদান না করে কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। স্থানীয় প্রভাব খাটিয়ে জোরপূর্বক কাঁঠালিয়া উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দপ্তরে আসেন এবং বেতন-ভাতা দাবি করছেন। আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করার পর দায়িত্বপ্রাপ্ত হিসাব রক্ষকের কাছে ইউডিও'র দায়িত্ব হস্তান্তর করার জন্য বলা হলেও আপনি দায়িত্ব হস্তান্তর করেননি। এমনকি প্রকল্পের সকল তথ্য উপাত্ত ও হিসাবপত্র নিজের কাছে লুকিয়ে রেখেছেন। প্রকল্পের মোটর সাইকেল, কম্পিউটার এখন পর্যন্ত হস্তান্তর না করে অবৈধভাবে নিজে ব্যবহার করছেন যা শাস্তিযোগ্য অপরাধ।

৪। তদন্তকালে স্থানীয়দের সাথে আলোচনাকালে প্রমাণ পাওয়া যায় যে, আপনি কাঁঠালিয়া উপজেলার দলীয় রাজনীতির সাথে যুক্ত রয়েছেন। চাকুরীতে কর্মকালীন সময়ে দলীয় পদ ব্যবহার/রাজনীতির সঙ্গে যুক্ত হওয়া চাকুরী শৃঙ্খলা পরিপন্থী।

৫। উপর্যুক্ত বিষয়ে প্রতীয়মান যে, আপনার উদ্ধঙ্গপূর্ণ আচরণ ও শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ডের ফলে উপজেলা অফিসের স্বাভাবিক কর্মপরিবেশ নষ্ট হচ্ছে এবং প্রকল্পের তথ্য বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। আপনার এহেন আচরণে অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণের উপরও বিরূপ প্রভাব পড়ছে।

৬। সভাপতি, কাঁঠালিয়া ইউসিসিএ লি: তদন্ত দলকে জানিয়েছেন স্কীম দেওয়ার কথা বলে তাঁর কাছ থেকে ১৫০০০/- (পনের) হাজার টাকা উৎকোচ গ্রহণ করেছেন যার সুস্পষ্ট ব্যাখ্যা প্রয়োজন। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যাখ্যাদানের জন্য বলা হলো।

৭। এমতাবস্থায়, কর্তৃপক্ষের আদেশ অমান্য, দাপ্তরিক শৃঙ্খলা বিনষ্ট, অসদাচরণ ও দায়িত্বে অবহেলার কারণে কেন আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ বা প্রকল্পের চাকুরিতে নিয়োজিতকরণের চুক্তিপত্রের ০২ (ড) নং শর্তানুযায়ী চাকুরি হতে বরখাস্ত করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ পত্র জারীর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।




তপন কুমার মন্ডল  
প্রকল্প পরিচালক, পিআরডিপি-৩

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.১১.০৪৩.১৬-৭৯৪

তারিখ: ০১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ  
১৫ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাঁঠালিয়া ঝালকাঠি।
- ০২। উপপরিচালক, বিআরডিবি, বরিশাল/ঝালকাঠি।
- ০৩। উপপরিচালক (প্রশাসন) বিআরডিবি, ঢাকা।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ০৫। অফিস কপি/ব্যক্তিগত নথি।



সেখ আমিনুর হোসেন  
উপপরিচালক, পিআরডিপি-৩